

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস প্রমাণ করে যে, উল্লেখিত ব্যক্তির কোন সালাত ছুটে যায়নি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তা কাযা করার নির্দেশ দিয়েছিলেন, যেমনটা দাবী করে থাকেন তারা, যারা এই হাদীসকে ভুলভাবে ব্যাখ্যা করেছেন এবং নিজের মত করে এর অর্থ বের করেছেন

ذَكَرُ الْخَبْرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذَا الرَّجُلَ لَمْ تَفْتُهُ صَلَاةُ أَمْرِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ يَفْضِيهَا كَمَا زَعَمَ مَنْ حَرَّفَ الْخَبَرَ عَنْ جِهَتِهِ وَتَأَوَّلَ لَهُ مَا وَصَفَتْ

আরবী

2494 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي بَكْرٍ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنْ ابْنِ عَجَلَانَ حَدَّثَنِي عِيَّاضٌ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: أَنَّ رَجُلًا دَخَلَ الْمَسْجِدَ يَوْمَ الْجُمُعَةِ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمِنْبَرِ - فَدَعَاهُ فَأَمَرَهُ أَنْ يُصَلِّيَ رَكَعَتَيْنِ ثُمَّ دَخَلَ الْجُمُعَةَ الثَّانِيَةَ وَهُوَ عَلَى الْمِنْبَرِ فَدَعَاهُ فَأَمَرَهُ أَنْ يُصَلِّيَ رَكَعَتَيْنِ ثُمَّ دَخَلَ الْجُمُعَةَ الثَّلَاثَةَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمِنْبَرِ فَدَعَاهُ فَأَمَرَهُ أَنْ يُصَلِّيَ رَكَعَتَيْنِ.  
الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 2494 | خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود))  
(1470).

বাংলা

২৪৯৪. আবু সাঈদ খুদরী রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি জুমু‘আর দিন প্রবেশ করেন এমন অবস্থায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ডাকেন এবং তাকে দুই রাকা‘আত সালাত আদায় করার নির্দেশ দেন।

তারপর সেই ব্যক্তি দ্বিতীয় জুমু‘আয় আসেন এমন অবস্থায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ডাকেন এবং তাকে দুই রাকা‘আত সালাত আদায় করার নির্দেশ দেন।

তারপর সেই ব্যক্তি তৃতীয় জুমু'আয় আসেন এমন অবস্থায় যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিস্বারের উপর ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ডাকেন এবং তাকে দুই রাকা'আত সালাত আদায় করার নির্দেশ দেন।[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৫; নাসাঈ: ৫/৬৩; সুনান বাইহাকী: ৪/১৮১; হুমাঈদী: ৭৪১; আবু দাউদ: ১৬৭৫; তিরমিযী: ৫১১; তাহাবী: ১/৩৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৭০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91820>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন